# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩১ বর্ষ ৯ম সংখ্যা
ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta)
১ জ্যৈষ্ঠ ১৪২৪, ১৫ মে ২০১৭



## '৭ মার্চ ভবন'-এ স্থাপন করা হবে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্মীয়মান রোকেয়া হল সংলগ্ন '৭ মার্চ ভবন'-এ স্থাপন করা হবে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ৬ মে ২০১৭ বিশ্ববিদ্যালয়ের শাহনেওয়াজ ছাত্রাবাস প্রাঙ্গণে নির্মাণাধীন ভাস্কর্যটি পরিদর্শন করেন।

এ সময় চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন, রোকেয়া হলের প্রভোস্ট ও প্রকল্প পরিচালক অধ্যাপক ড. নাজমা শাহীন, চারুকলা ইনস্টিটিউটের সিনিয়র শিক্ষক ও শিল্পীরা উপস্থিত ছিলেন।

উপাচার্য ৭ মার্চ ভবনে স্থাপন করার উদ্দেশ্যে ভাস্কর্যটির নির্মাণ কাজ পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন। যথাসময়ে কাজটি সম্পন্ন করে ভবনে স্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান করেন।

## ঢাবি সিনেটে শিক্ষক প্রতিনিধি নির্বাচন আগামী ২২ মে

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে ৩৫জন শিক্ষক প্রতিনিধি নির্বাচন আগামী ২২ মে ২০১৭ অনুষ্ঠিত হবে। ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ ১৯৭৩ এর আর্টিক্যাল ২০(১)(এল) এবং (৩) অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এই নির্বাচনের নির্দেশনা প্রদান করেছেন। ঐদিন বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে সকাল ৯:০০টা থেকে ভোট গ্রহণ শুরু হবে এবং বেলা ১:০০টা পর্যন্ত চলবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ এর প্রথম সংবিধির ৪৮(৪) ধারা অনুযায়ী সিনেটে সদস্য পদের জন্য অনুর্ধ্ব ৩৫জন শিক্ষকের নাম প্রার্থীরূপে প্রস্তাব করা যাবে। ভোটার তালিকার কপি এবং মনোনয়নপত্র সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালকের নিকট পাওয়া যাবে। মনোনয়নপত্র ১১ মে ২০১৭ বৃহস্পতিবার বেলা ১:০০টার মধ্যে বা তৎপূর্বে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের নিকট পৌঁছান হয়। মনোনয়নপত্র প্রত্যাহার করার শেষ সময় ছিল ১৪ মে ২০১৭ রবিবার বেলা ১:০০টা পর্যন্ত।

উপাচার্য মহোদয়ের প্রতিনিধি হিসেবে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এই নির্বাচন পরিচালনা করবেন।

## ঢাবি-এ পবিত্র শবে বরাত পালিত

পবিত্র শবেবরাত উপলক্ষে গত ১১ মে ২০১৭ বাদ জোহর ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ 'মসজিদুল জামিআয়' এক আলোচনা সভা, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। আরও উপস্থিত ছিলেন

আখতারুজ্জামানসহ বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ। এতে প্রধান আলোচক হিসেবে অংশগ্রহণ করেন ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মো. আব্দুর রশীদ।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক পবিত্র শবে বরাত উপলক্ষে আয়োজিত এই অনুষ্ঠানে সকলকে স্বাগত জানিয়ে বলেন, আজ ইসলামের পবিত্রতাকে ব্যবহার করা হচ্ছে সহিংসতার মাধ্যমে। ইসলাম শান্তি ও সৌহার্দ্যের ধর্ম। প্রকৃত ইসলামের সত্যনিষ্ঠতাকে সকলের মাঝে ছড়িয়ে দিলে সহিংসতা রোধ করা সম্ভব। ইসলামের শান্তির বাণী সর্বত্র অনুসরণ করার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান।

## 'Visual South Asia : Anthropological Explorations of Media and Culture' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন

ঢাকা বিশ্ববিদ্যালয় নৃবিজ্ঞান বিভাগ এবং ভারতের সাউথ এশিয়ান ইউনিভার্সিটি'র সমাজবিজ্ঞান বিভাগের যৌথ উদ্যোগে "Visual South Asia : Anthropological Explorations of Media and Culture" শীর্ষক দু'দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন গত ১০ মে ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সম্মেলন উদ্বোধন করেন। উচ্চশিক্ষার গুণগত মান উন্নয়ন প্রকল্পের (হেকেপ) সহযোগিতায় এই সম্মেলনের আয়োজন করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় নৃবিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন হাসান আল শাফীর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে হেকেপ-এর প্রকল্প পরিচালক ড. গৌরাঙ্গ চন্দ্র মোহন্ত বিশেষ অতিথি এবং অস্ট্রেলিয়ার কার্টিন ইউনিভার্সিটির অধ্যাপক বব পকর‍্যান্ট, যুক্তরাজ্যের অক্সফোর্ড ইউনিভার্সিটির অধ্যাপক মার্কাস ব্যাংকস এবং ভারতের সাউথ এশিয়ান ইউনিভার্সিটির অধ্যাপক ড. দেব পাথক সম্মানিত অতিথি হিসাবে বক্তব্য রাখেন। ঢাকা বিশ্ববিদ্যালয় নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সাইফুর রশীদ স্বাগত বক্তব্য দেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সত্যনিষ্ঠ হওয়ার উপর গুরুত্বারোপ করে বলেন, সত্যের অনুসন্ধান ও উদ্ঘাটন, সত্যকে সুরক্ষা ও সত্য প্রতিষ্ঠায় শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকদের সংগ্রাম চালিয়ে যেতে হবে। তিনি বলেন, ঘটনার সচিত্র বর্ণনা ও উপস্থাপনার মাধ্যমে তথ্য ও খবরের সত্যতা নিশ্চিত করা যায়।

উল্লেখ্য, বাংলাদেশ, ভারত, শ্রীলংকা, যুক্তরাজ্য ও অস্ট্রেলিয়ার প্রখ্যাত নৃবিজ্ঞানীগণ এই সম্মেলনে অংশগ্রহণ করছেন।

## মুক্তিযুদ্ধের চেতনায় শিক্ষা ব্যবস্থা

বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিশিস) ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে 'মুক্তিযুদ্ধের চেতনায় শিক্ষা ব্যবস্থা ও আমাদের করণীয়' শীর্ষক এক সেমিনার গত ১২ এপ্রিল ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্রের গেমস রুমে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সেমিনারে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন। বাকবিশিস ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি অধ্যাপক ড. জিয়া রহমানের সভাপতিত্বে সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. এম এম আকাশ।

## ঢাবি-এ বুদ্ধ পূর্ণিমা উদযাপিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় বুদ্ধ পূর্ণিমা উদযাপিত হয়েছে। এ উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর বুদ্ধিস্ট হেরিটেজ এন্ড কালচার -এর উদ্যোগে গত ১০ মে ২০১৭ বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশ থেকে এক বর্ণাঢ্য 'শান্তি শোভাযাত্রা'র উদ্বোধন করেন প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। শোভাযাত্রাটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে জগন্নাথ হলের বৌদ্ধ ভাস্কর্য প্রাঙ্গণে গিয়ে শেষ হয়। শোভাযাত্রায় অংশগ্রহণ করেন জগন্নাথ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. অসীম সরকার, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিয়োজিত রবীন্দ্র অধ্যাপক ড. মহুয়া মুখার্জীসহ বিশ্ববিদ্যালয়ের বৌদ্ধ সম্প্রদায়ের শিক্ষক ও শিক্ষার্থীরা।

---

বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের প্রতিষ্ঠাতা সভাপতি এবং বিশিষ্ট পরমাণু বিজ্ঞানী ড. এম এ ওয়াজেদ মিয়ার ৮ম মৃত্যুবার্ষিকী উপলক্ষে গত ৯ মে ২০১৭ জাতীয় প্রেস ক্লাবের কনফারেন্স হলে এক স্মরণ সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর এমপি। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক অধ্যাপক সিরাজুল হক আলো। ছবিতে উপাচার্যকে সভাপতির বক্তব্য প্রদান করতে দেখা যাচ্ছে।

বাংলাদেশ ইতিহাস পরিষদের ৪৭তম বার্ষিক আন্তর্জাতিক সম্মেলন গত ২৮ এপ্রিল ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের স্পেশ্যাল কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন এমপি। সম্মেলনের উদ্বোধন করেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান এবং এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

## ইন্টারন্যাশনাল ল' মুট কোর্ট প্রতিযোগিতায় সেরা নতুন দলের পদক পেয়েছে ঢাবি দল

সম্প্রতি যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত ফিলিপ সি জেসাপ ইন্টারন্যাশনাল ল' মুট কোর্ট (Philip C Jessup International Law Moot Court Competition) প্রতিযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় আইন বিভাগের শিক্ষার্থী প্রতিনিধিদল 'সেরা নতুন দল (Best New Team)'-এর পদক লাভ করেছে। বিজয়ীদলের সদস্যরা গত ৮ মে ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন। এসময় উপাচার্য তাদের অভিনন্দন জানান।

৩-সদস্য বিশিষ্ট শিক্ষার্থী প্রতিনিধিদলের সদস্যরা হলেন- এল এল এম-এর শিক্ষার্থী রাগীব মাহ্‌তাব, রোমানা আফরোজ ও মনিরুজ্জামান। আইন বিভাগের অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ উপদেষ্টা হিসাবে শিক্ষার্থীদের সঙ্গে ছিলেন।

প্রতিযোগিতায় ৮৯টি দেশের মোট ১৪৩টি দল অংশগ্রহণ করে। ঢাকা বিশ্ববিদ্যালয় দল নতুন অংশগ্রহণকারী ৩৬টি দলের মধ্যে 'সেরা নতুন দল' হিসাবে নির্বাচিত হয়।

ঢাকা উৎসব
উৎসব র‍্যালি

ঢাকা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন আয়োজিত 'ঢাকা উৎসব-২০১৭' উপলক্ষে গত ২৫ এপ্রিল ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তন প্রাঙ্গণ থেকে এক বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র মোহাম্মদ সাঈদ খোকন-এর নেতৃত্বে র‍্যালিটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে শাহবাগে গিয়ে শেষ হয়। র‍্যালিতে বিশ্ববিদ্যালয়ের ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ ইনস্টিটিউটের পরিচালক ও সোসাইটির মডারেটর অধ্যাপক ড. মাহবুবা নাসরীনসহ সোসাইটির সদস্যবৃন্দ, সিটি কর্পোরেশনের কর্মকর্তা প্রমুখ উপস্থিত ছিলেন।

## আন্তর্জাতিক সম্মেলনে যোগ দিতে ঢাবি শিক্ষার্থী প্রতিনিধিদলের জার্মানী গমন

'আন্তর্জাতিক শিক্ষার্থী সপ্তাহ ২০১৭' উপলক্ষে জার্মানীর ইলমেনাও শহরে অনুষ্ঠেয় সম্মেলনে যোগ দিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৬-সদস্য বিশিষ্ট একটি শিক্ষার্থী প্রতিনিধিদল গত ১১ মে ২০১৭ ঢাকা ত্যাগ করে। এ উপলক্ষে প্রতিনিধিদলের সদস্যরা গত ৩ মে ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স

আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

প্রতিনিধিদলের সদস্যরা হলেন- এ কে এম ফজলে রাব্বি (শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট), মোস্তফা আমীর ফয়সল, সামিন ইয়াসার (আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ), সৈয়দা সুখাইনা মুমতারিন (ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগ) এবং সাইফুল ইসলাম ও ধনিষ্ঠা চাকমা (স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউট)। শিক্ষার্থীদের সবাই 'ঢাকা ইউনিভার্সিটি মডেল ইউনাইটেড নেশন্স এসোসিয়েশন (ডিইউমুনা)-এর সদস্য।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সম্মেলনে নিজেদের মেধা, সততা, দক্ষতা ও যোগ্যতা প্রদর্শনের মাধ্যমে বাংলাদেশের সুনাম বয়ে আনার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ে দিকনির্দেশনা দেন এবং তাদের সার্বিক সফলতা কামনা করেন।

উল্লেখ্য, ১২ থেকে ২১ মে ২০১৭ ইলমেনাও ইউনিভার্সিটি অব টেকনোলজিতে এই সম্মেলন অনুষ্ঠিত হবে। বিশ্বের ১২০টি দেশের ৪৫০ জন শিক্ষার্থী সম্মেলনে অংশগ্রহণ করবেন। এ বছর সম্মেলনের মূল প্রতিপাদ্য হচ্ছে 'গ্লোবাল জাস্টিস'।

## অধ্যাপক ড. খন্দকার নিজামউদ্দিনের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয় ভূগোল ও পরিবেশ বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. খন্দকার নিজামউদ্দিন হৃদরোগে আক্রান্ত হয়ে গত ১৪ এপ্রিল ২০১৭ রাজধানীর একটি হাসপাতালে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮০ বছর।

অধ্যাপক ড. খন্দকার নিজামউদ্দিনের মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন। এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক ড. খন্দকার নিজামউদ্দিন একজন নিবেদিতপ্রাণ শিক্ষক ও গবেষক ছিলেন। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে তিনি অত্যন্ত নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেন। বিভাগীয় প্রশাসনিক ও একাডেমিক কাজে তাঁর ভূমিকা বিশ্ববিদ্যালয়ে স্মরণীয় হয়ে থাকবে। উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

অধ্যাপক ড. খন্দকার নিজামউদ্দিন ১৯৩৭ সালের ৭ ডিসেম্বর কলকাতায় জন্মগ্রহণ করেন। তিনি গ্র্যাজুয়েট হাই স্কুল থেকে ১৯৫৬ সালে ম্যাট্রিক, ১৯৫৮ সালে জগন্নাথ কলেজ থেকে ইন্টার মিডিয়েট, ১৯৬১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় ভূগোল বিভাগ থেকে বিএ এবং ১৯৬৩ সালে এমএ পরীক্ষায় উত্তীর্ণ হন। তিনি ১৯৬৭ সালে যুক্তরাষ্ট্র থেকে 'ব্যুরো অব সেন্সাস জিওগ্রাফি প্ল্যানিং' বিষয়ে এবং ১৯৬৮ সালে 'কম্পিউটিং সিস্টেম ফান্ডামেন্ডেজ' বিষয়ে ডিগ্রী লাভ করেন। ১৯৮১ সালে কানাডার ইউনিভার্সিটি অব ওয়েস্টার্ণ অন্টারিও থেকে "Analysis of Spatial Pattern, Developing Aspects in Industrializing Nations, Field Research Methods" বিষয়ে পিএইচ ডি ডিগ্রী অর্জন করেন।

ড. খন্দকার নিজামউদ্দিন ১৯৬৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় ভূগোল ও পরিবেশ বিভাগে সিনিয়র লেকচারার হিসেবে যোগদান করেন। এরপর উচ্চশিক্ষার জন্য কয়েক বছর দেশের বাইরে অবস্থান করে ১৯৭০ সালে ফিরে এসে সহকারী অধ্যাপক হিসেবে পুনরায় যোগদান করেন। তিনি ১৯৮২ সালে ৩০ আগস্ট সহযোগী অধ্যাপক ও ১৯৯৮ সালের ২৮ নভেম্বর অধ্যাপক হিসেবে পদোন্নতি লাভ করেন। ২০০৩ সালে ৩০ জুন তিনি বিশ্ববিদ্যালয় থেকে অবসর গ্রহণ করেন।

অধ্যাপক ড. খন্দকার নিজামউদ্দিন মৃত্যুকালে স্ত্রী, দুই ছেলেসহ অসংখ্য আত্মীয়-স্বজন ও শুভানুধ্যায়ী রেখে গেছেন। সাভারের অরুণাপল্লীতে তাঁকে দাফন করা হয়।

## অধ্যাপক ড. এম. আলিমউল্যা-এর মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র এবং অধ্যাপক ড. এম. আলিমউল্যা-এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন।

গত ১১ মে ২০১৭ এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক আলিমউল্যা ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে থেকে অত্যন্ত নিষ্ঠার সাথে দায়িত্বশীল ভূমিকা পালন করেছেন। ব্যবসায় শিক্ষাক্ষেত্রে তাঁর অবদান বিশ্ববিদ্যালয় স্মরণ রাখবে। তিনি দেশের প্রাতিষ্ঠানিক শিক্ষার অগ্রগতিতে ভূমিকা রেখেছেন। তাঁর মৃত্যুতে দেশ একজন শিক্ষানুরাগী হারালো। উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

অধ্যাপক আলিমউল্যা ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৬২ সালে অনার্স ও ১৯৬৩ সালে মাস্টার্স করেন। এরপর যুক্তরাষ্ট্রের ইন্ডিয়ানা ইউনিভার্সিটি থেকে তিনি ১৯৬৮ সালে এমবিএ এবং যুক্তরাজ্যের ম্যানচেস্টার স্কুল অব বিজনেস থেকে ১৯৭৬ সালে ডক্টরেট ডিগ্রি লাভ করেন।

ড. আলিমউল্যা ১৯৬৩ সালে শিক্ষকতাকে পেশা হিসেবে গ্রহণের পর ১৯৬৪ থেকে ১৯৯৪ পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রভাষক, অধ্যাপক ও আইবিএর পরিচালকসহ বিভিন্ন পদে নিয়োজিত ছিলেন। জীবনের শেষ দিন পর্যন্ত তিনি শিক্ষাদানে নিজেকে নিবেদিত রেখেছিলেন। যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যে পড়াশোনা করেছেন। নাইজেরিয়ায় আহমাদু বালু বিশ্ববিদ্যালয়ে ১৯৮১ সালে ভিজিটিং অধ্যাপক হিসেবে তিনি কাজ করেন।

১৯৯১ সালে প্রতিষ্ঠিত বেসরকারি বিশ্ববিদ্যালয় ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি প্রতিষ্ঠা করেন। তার হাত দিয়ে প্রতিষ্ঠিত হয় দেশের প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয়। ১৯৯৪ সাল থেকে তিনি বিশ্ববিদ্যালয়টির উপাচার্যের দায়িত্ব পালন করেন। এর আগে ১৯৯১ সাল থেকে ১৯৯৩ সাল পর্যন্ত তিনি এ বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেন।

উল্লেখ্য, অধ্যাপক ড. এম. আলিমউল্যা গত ১০ মে ২০১৭ রাজধানীর একটি হাসপাতালে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৬ বছর। পরদিন ১১ মে বাদ জোহর ঢাকা বিশ্ববিদ্যালয়ের মসজিদুল জামিয়ায় জানাযা অনুষ্ঠিত হয়। এতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানসহ বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও ইনস্টিটিউটের শিক্ষক, শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

## লাকী আখন্দের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

বিশিষ্ট সঙ্গীত শিল্পী, সুরকার, গীতিকার ও সঙ্গীত পরিচালক লাকী আখন্দ-এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোকবাণীতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, লাকী আখন্দ একজন জনপ্রিয় সঙ্গীত শিল্পী ছিলেন। সর্বোপরি তিনি ছিলেন একজন দেশঅন্তপ্রাণ বীর মুক্তিযোদ্ধা ও কণ্ঠসৈনিক। তাঁর মৃত্যুতে সঙ্গীতাঙ্গণে যে শূণ্যতার সৃষ্টি হলো তা পূরণ হবার নয়। তাঁর অবদান জাতি চিরদিন স্মরণ রাখবে। উপাচার্য মরহুমের রূহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

লাকী আখন্দের জন্ম ১৯৫৬ সালের ১৮ জুন। তিনি গত ২১ এপ্রিল ২০১৭ মৃত্যুবরণ করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬১ বছর। তিনি দীর্ঘদিন থেকে দুরারোগ্য ক্যান্সার রোগে ভুগছিলেন।

## কাজী আরিফের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

বিশিষ্ট আবৃত্তিকার কাজী আরিফের মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন।

গত ৩০ এপ্রিল ২০১৭ এক শোকবাণীতে উপাচার্য বলেন, বিশিষ্ট আবৃত্তিকার কাজী আরিফ আবৃত্তির পাশাপাশি লেখালেখিও করতেন, সক্রিয় ছিলেন সাংস্কৃতিক আন্দোলনে। সর্বোপরি তিনি একজন মুক্তিযোদ্ধা ছিলেন। বাংলাদেশের মুক্তিযুদ্ধসহ গণতান্ত্রিক আন্দোলনে তাঁর অবদানের জন্য দেশবাসীর কাছে তিনি স্মরণীয় হয়ে থাকবেন। উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

কাজী আরিফের জন্ম ১৯৫২ সালের ৪ সেপ্টেম্বর, রাজবাড়ী সদরের কাজীকান্দা গ্রামে। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার পরপরই স্বাধীনতা সংগ্রামে যোগ দেন তিনি। ১৯৭১ সালে ১ নম্বর সেক্টরে মেজর রফিকুল ইসলামের কমান্ডে সরাসরি মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন কাজী আরিফ। এরপর যুদ্ধ শেষে বুয়েটে লেখাপড়া শুরু করেন এবং এগিয়ে যেতে থাকেন সাংস্কৃতিক কর্মকাণ্ডে।

উল্লেখ্য, কাজী আরিফ নিউ ইয়র্কের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গত ২৯ এপ্রিল ২০১৭ মৃত্যুবরণ করেন। তাঁর বয়স হয়েছিল ৬৫ বছর। কাজী আরিফের মরদেহ বাংলাদেশে আসার পর রাষ্ট্রীয় মর্যাদায় তাঁকে দাফন করা হয়।

## আন্তঃহল ফুটবল প্রতিযোগিতায় ছাত্র বিভাগে জগন্নাথ হল এবং ছাত্রী বিভাগে রোকেয়া হল চ্যাম্পিয়ন

ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃহল ফুটবল প্রতিযোগিতায় (ছাত্রছাত্রী) ছাত্র বিভাগে জগন্নাথ হল এবং ছাত্রী বিভাগে রোকেয়া হল দলগত চ্যাম্পিয়ন হয়েছে। ছাত্র বিভাগে ফজলুল হক মুসলিম হল এবং ছাত্রী বিভাগে কবি সুফিয়া কামাল হল

দলগত রানার আপ হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃহল ফুটবল প্রতিযোগিতা (ছাত্রছাত্রী)-এর সমাপণী অনুষ্ঠান গত ২৯ এপ্রিল ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। বিশ্ববিদ্যালয় ফুটবল কমিটির সভাপতি ও জগন্নাথ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. অসীম সরকার সভাপতিত্ব করেন। এসময় বিভিন্ন হলের প্রভোস্ট, আবাসিক শিক্ষক ও শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গত ১৯ এপ্রিল ২০১৭ বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃহল ফুটবল প্রতিযোগিতা (ছাত্রছাত্রী)-এর উদ্বোধন করেন বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. বীরেন শিকদার। এতে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) ও স্পোর্টস বোর্ডের সভাপতি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

---

## উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

### সুইডেনের রাষ্ট্রদূত

বাংলাদেশে নিযুক্ত সুইডেনের রাষ্ট্রদূত মি. জুহান ফ্রীসেল গত ৪ মে ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর অফিসে সাক্ষাৎ করেন।

এ সময় বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেল্‌থ সায়েন্সেস-এর উপাচার্য অধ্যাপক ড. লিয়াকত আলী, ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল আজিজ, রসায়ন বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. নীলুফার নাহার, একই বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ শোয়েব এবং সুইডেন দূতাবাসের কমিউনিকেশন অফিসার মিজ পরমা কনা উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সুইডেনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম নিয়ে আলোচনা করেন। তাঁরা এই কার্যক্রম চমৎকারভাবে চলমান থাকায় সন্তুষ্টি প্রকাশ করেন। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সুইডেনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে বিরাজমান শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও জোরদার করার ব্যাপারে ঐকমত্য প্রকাশ করেন। এছাড়া, তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সুইডেনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে সাংস্কৃতিক দল বিনিময়ের সম্ভাব্যতা নিয়েও মতবিনিময় করেন।

উপাচার্য অধ্যাপক আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য সুইডেনের রাষ্ট্রদূতকে আন্তরিক ধন্যবাদ জানান।

### নরওয়ের রাষ্ট্রদূত

বাংলাদেশে নিযুক্ত নরওয়ের রাষ্ট্রদূত সিসেল ব্রেকেন গত ৭ মে ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছেন।

এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় স্ক্যান্ডিনেভিয়ান স্টাডি সেন্টারের পরিচালক অধ্যাপক ড. সিকদার মনোয়ার মুর্শেদ এবং ঢাকাস্থ নরওয়ে দূতাবাসের উপদেষ্টা উম্মে শায়লা উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং নরওয়ের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে আলোচনা করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং স্ক্যান্ডিনেভিয়ান অঞ্চলের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে ছাত্র-শিক্ষক ও গবেষক বিনিময়ের ওপর গুরুত্বারোপ করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং নরওয়ের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে আন্তর্জাতিক একাডেমিক সম্মেলন আয়োজনের ব্যাপারেও তারা মত বিনিময় করেন।

### যুক্তরাজ্যের প্রতিনিধিদল

ব্রিটিশ কাউন্সিলের কান্ট্রি ডিরেক্টর বারবারা উইকহাম্ এবং কুইন মেরি ইউনিভার্সিটি অব লন্ডনের রিডার আলী ক্যাম্বেল গত ৩০ এপ্রিল ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের চেয়ারম্যান সুদীপ চক্রবর্তী উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাজ্যের কুইন মেরি ইউনিভার্সিটি অব লন্ডনের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করার ব্যাপারে আলোচনা করেন। এসময় উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী, গবেষক ও সাংস্কৃতিক দল বিনিময়ের ওপর গুরুত্বারোপ করা হয়। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ব্রিটিশ কাউন্সিলের যৌথ উদ্যোগে বাংলাদেশ এবং যুক্তরাজ্যে বাংলা নাটক উৎসব, কর্মশালা, সেমিনার, সিম্পোজিয়াম ও সম্মেলন আয়োজনের ব্যাপারে তারা মত বিনিময় করেন।

### ভারতীয় প্রতিনিধিদল

ভারতের বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় এবং রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের ৫-সদস্য বিশিষ্ট একটি শিক্ষক প্রতিনিধিদল গত ৩০ এপ্রিল ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। প্রতিনিধিদলের সদস্যরা হলেন- বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় শান্তি নিকেতনের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. সন্দীপ বসু সর্বাধিকারী ও সংগীত ভবনের অধ্যাপক ড. নন্দীতা বসু সর্বাধিকারী এবং রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের ডিন অধ্যাপক ড. সুজাতা মুখার্জী, ইতিহাস বিভাগের অধ্যাপক ড. আশিষ কুমার দাস ও অধ্যাপক ড. দেবরাজ চক্রবর্তী।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে ভারতের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে মতবিনিময় করেন। এছাড়া, তাঁরা একে অপরকে নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ক শিক্ষা ও গবেষণা কার্যক্রম অবহিত করেন। উপাচার্য বিদ্যায়তনিক বিনিময় কার্যক্রমের পাশাপাশি সাংস্কৃতিক বিনিময়ের প্রসঙ্গ উল্লেখ করে গত বিজয় দিবসে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় সফরের কথা স্মরণ করেন। পাশাপাশি তিনি গত মার্চ মাসে ঢাকা বিশ্ববিদ্যালয়ে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের সাংস্কৃতিক কর্মসূচীর আয়োজনের কথা স্মরণ করে সাংস্কৃতিক বিনিময় কার্যক্রমের গুরুত্ব তুলে ধরেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদেরকে ধন্যবাদ জানান।

### অস্ট্রিয়ার অধ্যাপক

অস্ট্রিয়ার ডব্লিউইউ-ভিয়েনা ইউনিভার্সিটি অব ইকোনমিক্স-এর অধ্যাপক ড. পাবলো কোলাজো গত ৩ মে ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় অর্গানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশীপ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল মঈন, অধ্যাপক ড. আলতাফ জলিল ও সহকারী অধ্যাপক মো: রাশেদুর রহমান উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা বাংলাদেশ এবং অস্ট্রিয়ার শিক্ষা ব্যবস্থা সম্পর্কে মত বিনিময় করেন। এ সময় উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে নব প্রতিষ্ঠিত অর্গানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশীপ বিভাগের উন্নয়নে অস্ট্রিয়ার অধ্যাপকের সহযোগিতা চান। অস্ট্রিয়ার অধ্যাপক ড. পাবলো কোলাজো এ ব্যাপারে সম্ভাব্য সকল সহযোগিতার আশ্বাস দেন। এসময় তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং অস্ট্রিয়ার ডব্লিউইউ-ভিয়েনা ইউনিভার্সিটি অব ইকোনমিক্স-এর মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। উপাচার্য পেশাজীবীদের নেতৃত্বের গুণাবলী ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে দেশের বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে যৌথ সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন।

বাংলাদেশে নিযুক্ত সুইডেনের রাষ্ট্রদূত মি. জুহান ফ্রীসেল গত ৪ মে ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর অফিসে সাক্ষাৎ করেন।

বাংলাদেশে নিযুক্ত নরওয়ের রাষ্ট্রদূত সিসেল ব্রেকেন গত ৭ মে ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছেন।

কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (কোইকা)-এর কান্ট্রি ডিরেক্টর জো হিয়ুন গিয়ু গত ৬ মে ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। কোইকা-এর প্রোগ্রাম কো-অর্ডিনেটর মো. ফজলে রাব্বি এসময় তাঁর সঙ্গে ছিলেন।

ভারতের বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় এবং রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের ৫-সদস্য বিশিষ্ট একটি শিক্ষক প্রতিনিধিদল গত ৩০ এপ্রিল ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। প্রতিনিধিদলের সদস্যরা হলেন- বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় শান্তি নিকেতনের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. সন্দীপ বসু সর্বাধিকারী ও সংগীত ভবনের অধ্যাপক ড. নন্দীতা বসু সর্বাধিকারী এবং রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের ডিন অধ্যাপক ড. সুজাতা মুখার্জী, ইতিহাস বিভাগের অধ্যাপক ড. আশিষ কুমার দাস ও অধ্যাপক ড. দেবরাজ চক্রবর্তী।

ব্রিটিশ কাউন্সিলের কান্ট্রি ডিরেক্টর বারবারা উইকহাম্ এবং কুইন মেরি ইউনিভার্সিটি অব লন্ডনের রিডার আলী ক্যাম্বেল গত ৩০ এপ্রিল ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

অস্ট্রিয়ার ডব্লিউইউ-ভিয়েনা ইউনিভার্সিটি অব ইকোনমিক্স-এর অধ্যাপক ড. পাবলো কোলাজো গত ৩ মে ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

## বাংলাদেশ অণুজীব বিজ্ঞানী সমিতির বার্ষিক সম্মেলন

30th Annual Conference 2017
Bangladesh Society of Microbiologists (BSM)
MICROBIOLOGY EDUCATION AND RESEARCH FOR SUSTAINABLE DEVELOPMENT

বাংলাদেশ অণুজীব বিজ্ঞানী সমিতির ৩০তম বার্ষিক সম্মেলন গত ২৯ এপ্রিল ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনের প্রতিপাদ্য ছিল 'টেকসই উন্নয়নে অণুজীব বিজ্ঞান শিক্ষা ও গবেষণা'। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সম্মেলন উদ্বোধন করেন।

সম্মেলন আয়োজক কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো: মজিবুর রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: ইমদাদুল হক বিশেষ অতিথি এবং এ্যাক্টিভ ফাইন কেমিক্যালস লিমিটেডের চিফ অপারেটিং অফিসার এবিএম জামাল উদ্দিন সম্মানিত অতিথি হিসাবে বক্তব্য রাখেন। এছাড়া, সমিতির সভাপতি অধ্যাপক ড. মো: মাহফুজুল হক, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো: আনিছুর রহমান খান ও আয়োজক কমিটির সম্পাদক অধ্যাপক হুমায়রা আখতার অনুষ্ঠানে বক্তৃতা করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অণুজীব বিজ্ঞান শিক্ষা ও গবেষণার সুফল সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে শিল্প প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে যৌথ সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনে অণুজীব বিজ্ঞানের বিভিন্ন ধারার মধ্যে সমন্বয় সাধন করতে হবে। কৃষি, শিল্প, চিকিৎসাসহ বিভিন্ন খাতের আধুনিকায়নে জীববিজ্ঞান গবেষণাকে আরও গতিশীল করতে হবে। বিজ্ঞান শিক্ষার ক্ষেত্রে বিভিন্ন প্রতিবন্ধকতা দূর করতে সমন্বিত উদ্যোগ গ্রহণের ওপর তিনি গুরুত্বারোপ করেন। উপাচার্য বলেন, সকল শিক্ষার মূল লক্ষ্য হচ্ছে মানুষের মাঝে মানবিক মূল্যবোধ গড়ে তোলা। নৈতিক মূল্যবোধ ছাড়া কোন শিক্ষাই মানবকল্যাণ সাধন করতে পারে না। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের এক মেধাবী শিক্ষার্থীর সম্প্রতি জঙ্গিবাদে সংযুক্ত হওয়ার ঘটনা উল্লেখ করে তিনি বলেন, মূল্যবোধের অভাবেই সে এ ধরণের ঘৃণ্য তৎপরতার সঙ্গে যুক্ত হয়েছে। তিনি শ্রেণিকক্ষে একাডেমিক শিক্ষার পাশাপাশি নৈতিক শিক্ষা প্রদানের জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীরা এই সম্মেলনে অংশগ্রহণ করেন।

জাপানের তোয়োহাসি ইউনিভার্সিটি অব টেকনোলজি'র অধ্যাপক ড. শিনিচি ইতসুনু গত ২৭ এপ্রিল ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর বাসভবনে সাক্ষাৎ করেছেন। এসময় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আব্দুল আজিজসহ রসায়ন বিভাগের সিনিয়র শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

---

### লাখো কণ্ঠে 'বিদ্রোহী' কবিতা পাঠ

## অগ্রগতি ও উন্নয়নের স্বার্থে শ্রমজীবী মানুষের মর্যাদাকে সম্মান করতে হবে - উপাচার্য

লাখো কণ্ঠে
"বিদ্রোহী" কবিতা
আয়োজনে :

নজরুল চর্চা কেন্দ্র 'বাঁশরী' ও বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি)-এর যৌথ উদ্যোগে গত ১ মে ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের অমর সৃষ্টি 'বিদ্রোহী' কবিতা লাখো কণ্ঠে আবৃত্তি কর্মসূচী অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু এবং বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

উপাচার্য তাঁর বক্তব্যে মহান মে দিবসের তাৎপর্য তুলে ধরে বলেন, বাংলাদেশের অগ্রগতি ও উন্নয়নের স্বার্থে শ্রমজীবী মানুষের মর্যাদাকে সম্মান করতে হবে। কাজী নজরুল ইসলামের বিদ্রোহী কবিতা শ্রমিক অধিকার ও মানুষের অধিকারের ভাব-চেতনাকে প্রকাশ করেছে। শ্রমের মর্যাদা এবং শ্রমিকের অধিকারের প্রশ্নে সকলকে মে দিবসের অঙ্গীকারের প্রতি সচেতন হতে হবে বলে উপাচার্য প্রত্যাশা ব্যক্ত করেন।

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেন, যুব-তরুণ সমাজকে নজরুলের বিদ্রোহী কবিতা থেকে প্রেরণা অর্জন করে অসাম্প্রদায়িক, প্রগতিশীল এক বাংলাদেশ গঠনের উদ্দেশ্যে নিজেদের নিয়োজিত করতে হবে।

### রবীন্দ্রনাথের জন্মবার্ষিকী উদ্‌যাপিত

## রবীন্দ্রনাথ সর্বকালের প্রাসঙ্গিকতায় আমাদের প্রাণিত করেন - উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৬তম জন্মবার্ষিকী উপলক্ষে গত ৮ মে ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে প্রবন্ধ উপস্থাপন এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। রবীন্দ্র-জন্মবার্ষিকী উদ্‌যাপনে এবারের প্রতিপাদ্য বিষয় "মানুষের ধর্ম : রবীন্দ্রনাথ ও সমকালীন প্রাসঙ্গিকতা"। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে মূল বক্তা হিসেবে সমকালীন প্রাসঙ্গিকতায় "রবীন্দ্রনাথের নৃত্যভাবনা" নিয়ে প্রবন্ধ উপস্থাপন করেন রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিয়োজিত রবীন্দ্র অধ্যাপক ড. মহুয়া মুখার্জী। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সংগীত বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারপার্সন টুম্পা সমাদ্দার। অনুষ্ঠানে সূচনা বক্তব্য উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান। অনুষ্ঠান সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান।

সভাপতির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স

রবীন্দ্রনাথের নৃত্যভাবনা

আরেফিন সিদ্দিক বলেন, মনুষ্যত্ববোধ ও মানবতাবোধের মূল্যবোধ বিবেচনায় রবীন্দ্রনাথ সর্বকালের প্রাসঙ্গিকতায় আমাদের প্রাণিত করেন। বিশ্বজনীনতায় রবীন্দ্রনাথ সর্বব্যাপী উদ্বুদ্ধ ও উজ্জীবিত করে চলেছেন। রবীন্দ্রনাথের চৈতন্যে বাঙালি জাতির মানস কাঠামো গড়ে উঠেছে। বাংলাদেশের জাতীয় সঙ্গীত এবং ভারতের জাতীয় সঙ্গীত রবীন্দ্রনাথের রচনা। রবীন্দ্রনাথ আন্তর্জাতিক পরিমণ্ডলে প্রাসঙ্গিক না হলে তা হতো না। রবীন্দ্রনাথ তার সকল কর্মে মানবতাবোধের নিদর্শন রেখে গেছেন। সুস্থ সংস্কৃতি ও মানবিক জীবনের স্থিরতার জন্যে, সৃষ্টিশীলতার জন্যে আলোর পথে যাত্রা করতে হলে রবীন্দ্রনাথকে নিয়ে এগিয়ে যেতে হবে। মানবতাবোধের চেতনা ধারণ করে মানবতার আদর্শে গড়ে উঠতে হবে। রবীন্দ্রনাথের আদর্শ গ্রহণ করলে কোনো মানুষ অত্যাচার করবে না, সহিংস হবে না, দুর্নীতি করবে না, সে সত্যের প্রতি অবিচল থাকবে। উপাচার্য আরও বলেন, রবীন্দ্রনাথ শিক্ষার লক্ষ্য হিসেবে চিহ্নিত করেছেন মনুষ্যত্বের বিকাশ। রবীন্দ্রনাথ তার জীবদ্দশায় অন্যায়-অনাচারের প্রতি কখনো আপস করেননি। তিনি ব্রিটিশদের সঙ্গে আপস না করার কারণে ব্রিটিশদের দেয়া নাইট উপাধিও ফেরত দিয়েছিলেন। প্রকৃত মনুষ্যত্ব অর্জনের জন্য জীবনের প্রতিটি পদক্ষেপে রবীন্দ্রমনস্ক হওয়া উচিত। জ্ঞান অর্জনের জন্য রবীন্দ্র জগতে প্রবেশ করলে প্রজ্ঞাবান মানুষ তৈরীর সমস্ত উপাদান পাওয়া যাবে। রবীন্দ্র রচনা সমগ্রে জীবনের প্রতিটি পদক্ষেপের জীবনাচার ও প্রকৃতির অভিজ্ঞতা পাওয়া যাবে। সমবেত শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, রবীন্দ্রনাথের সে প্রাসঙ্গিকতা উপলব্ধি করতে হবে। তা থেকে জীবনের লক্ষ্যকে সত্যনিষ্ঠার পথে এগিয়ে নিয়ে যেতে হবে।

অধ্যাপক ড. মহুয়া মুখার্জী মূল প্রবন্ধে বলেন, রবীন্দ্রনাথ তাঁর সাহিত্যে শিক্ষা ও সংস্কৃতির মেলবন্ধন করেছেন। এজন্য তিনি বিশ্বভারতী প্রতিষ্ঠা করেন। তিনি আরও বলেন, রবীন্দ্রনাথ নিজে নৃত্যবিশেষজ্ঞ না হলেও তার নৃত্যনাট্যে দেশীয় ও বিদেশি নৃত্যের সমন্বয় ঘটেছে। তিনি নৃত্যকলার পাশাপাশি চিত্রকলাতেও ভূমিকা রেখেছেন। নৃত্যকলা ও চিত্রকলা যে একে অপরের পরিপূরক এটি রবীন্দ্রনাথ বিভিন্ন সাহিত্যকর্মে উল্লেখ করেছেন। নৃত্যকলাকে তিনি নাগরিক সমাজে প্রতিষ্ঠা করেছেন। পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত করেছেন।

বক্তৃতানুষ্ঠান শেষে বিশ্ববিদ্যালয়ের সঙ্গীত বিভাগ এবং নৃত্যকলা বিভাগের শিক্ষার্থীরা পরিবেশন করে মনোজ্ঞ সঙ্গীত ও নৃত্যানুষ্ঠান।

## ৩০তম অধ্যাপক মোকাররম হোসেন খোন্দকার স্মারক বক্তৃতা

ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের প্রয়াত অধ্যাপক মোকাররম হোসেন খোন্দকার স্মরণে '৩০তম খোন্দকার স্মারক বক্তৃতা' গত ২৭ এপ্রিল ২০১৭ মোকাররম হোসেন খোন্দকার বিজ্ঞান ভবনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগ এই স্মারক বক্তৃতার আয়োজন করে।

রসায়ন বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. নীলুফার নাহারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আব্দুল আজিজ বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। "Synthesis of chiral polymers and their applications to asymmetric catalysis" শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন জাপানের তোয়োহাসি ইউনিভার্সিটি অব টেকনোলজি'র অধ্যাপক ড. শিনিচি ইতসুনু।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রয়াত অধ্যাপক মোকাররম হোসেন খোন্দকারের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তিনি দেশের রসায়ন ও রাসায়নিক শিক্ষা ক্ষেত্রে অনন্য প্রতিভার স্বাক্ষর রেখে গেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের চেয়ারম্যান এবং বিজ্ঞান অনুষদের ডিন হিসাবেও তিনি দায়িত্ব পালন করেন। উপাচার্য স্মারক বক্তৃতা প্রদানের জন্য জাপানের তোয়োহাসি ইউনিভার্সিটি অব টেকনোলজি'র অধ্যাপক ড. শিনিচি ইতসুনুকে ধন্যবাদ জানান। তিনি বলেন, বাংলাদেশ এবং জাপানের মধ্যে দীর্ঘদিন যাবৎ বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিরাজমান। জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইতোমধ্যেই 'জাপানোলজি বিভাগ' নামে নতুন একটি বিভাগ খোলার সিদ্ধান্ত গৃহীত হয়েছে বলে উপাচার্য উল্লেখ করেন।

বাংলাদেশ হোমিও পেশাজীবী সমিতি (হোপেস)-এর ৩৬তম প্রতিষ্ঠাবার্ষিকী ও সম্মেলন-২০১৭ উপলক্ষে গত ২৯ এপ্রিল ২০১৭ মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। হোপেস-এর উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান মঈন উদ্দিন খান বাদল এমপি'র সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বস্ত্র ও পাটমন্ত্রী মুহা: ইমাজ উদ্দিন প্রামানিক এমপি।

## ঢাবি এবং আইএফআইসি ব্যাংকের মধ্যে সমঝোতা স্মারক

ঢাকা বিশ্ববিদ্যালয় এবং আইএফআইসি ব্যাংক লিমিটেডের মধ্যে গত ১৮ এপ্রিল ২০১৭ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন এবং আইএফআইসি ব্যাংক লিমিটেডের উপ-ব্যবস্থাপনা পরিচালক শাহ মো: মইনুদ্দিন নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। উপাচার্য লাউঞ্জে আয়োজিত এই অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, আইএফআইসি ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক শাহ আলম সারওয়ার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান প্রমুখ উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারক অনুযায়ী আইএফআইসি ব্যাংক লিমিটেড কর্তৃপক্ষ "আমার একাউন্ট" শীর্ষক কর্মসূচীর আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের কিছু আর্থিক সুবিধা প্রদানের প্রস্তাব দিয়েছে।

## রসায়ন বিভাগে তরমুজের বিষাক্ত রং সনাক্তকরণের সহজ পদ্ধতি উদ্ভাবন

ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. নীলুফার নাহারের তত্ত্বাবধায়নে দুই তরুণ গবেষক তানহাউল ইসলাম এবং আহসান হাবীব খন্দকার তরমুজের বিষাক্ত রং সনাক্তকরণের সহজ পদ্ধতি উদ্ভাবন করেছেন। এ গবেষণা কাজে সম্পৃক্ত ছিলেন বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ শোয়েব এবং মো: কামরুল হাসান।

উল্লেখ্য, কোন কেমিক্যাল ব্যবহার ছাড়াই অতি অল্প সময়ে তরমুজের বিষাক্ত রং সনাক্ত করা সম্ভব হবে।

**সম্পাদক: মাহমুদ আলম,** উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫